গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর-১৩.০১.০০০০.০৩১.১৯.০৫১.১৪ তারিখঃ /০৮/২০১৯।

বিষয়ঃ জনাব মোঃ আরিফ খান, ড্রাইভার এর চাকরি স্থায়ীকরণ আদেশে সংশোধন প্রসঙ্গে।

সূত্রঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,ঢাকা এর স্মারক নং-১৫১৯,তারিখঃ২৭/০৫/২০১৮।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে জনাব মোঃ আরিফ খান, ড্রাইভার,আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,ঢাকা এর চাকরি স্থায়ীকরণ আদেশে ভুল সংশোধনের জন্য পত্র পাওয়া যায়।তা পর্যালোচনায় দেখা যায়,খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ১৪/০১/২০০৭ তারিখের ৫০(৭০) নং স্মারকের ক্রমিক নং-০১ থেকে ১৯ পর্যন্ত সর্বমোট ১৯ জন ড্রাইভারের চাকরি স্থায়ী করা হয়। তন্মধ্যে ক্রমিক নং-১৪ তে ড্রাইভার জনাব মোঃ আরিফ খান এর নাম ভুলক্রমে জনাব মোঃ তারিখ খান মুদ্রিত হয়েছে মর্মে জানানো হয়েছে।খাদ্য অধিদপ্তরের ২৩/৩/২০০৪ তারিখের ৭২৪(৭৫) নং স্মারকের আদেশে জনাব মোঃ আরিফ খানসহ ১৯ জন ড্রাইভার নিয়োগ দেয়া হয়।উক্ত নিয়োগ আদেশ এবং ৮ম শ্রেনী পাস শিক্ষাসনদে তার নাম মোঃ আরিফ খান লেখা আছে। সে অনুযায়ী স্থায়ী আদেশে তার নাম মোঃ তারিখ খান এর স্থলে মোঃ আরিফ খান সংশোধনের জন্য আবেদন করা হয়েছে।

এমতাবস্থায়, জনাব মোঃ আরিফ খান, ড্রাইভার , আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা এর চাকরি স্থায়ীকরণ আদেশে সংশোধন করার জন্য তার সঠিক নাম,বর্তমান কর্মস্থল,সরকারি চাকরিতে ১ম যোগদানের তথ্য,প্রমাণক ইত্যাদি তথ্যাদি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। পাশাপাশি ২০০৭ সালের জানুয়ারি মাসে চাকরি স্থায়ীকরণ আদেশ জারি হওয়ার পর দীর্ঘ প্রায় ১২ বছর বা ১ যুগ পরে; এত দীর্ঘ বিলম্বে চাকরি স্থায়ীকরন আদেশে তার নামের ভুল সংশোধনের আবেদন করার কারণ জানানোর জন্যও অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালকের অনুমোদন রয়েছে।

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন-৯৫৬১২০৪
dd.est@dgfood.gov.bd

প্রাপক,
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,ঢাকা।

স্মারক নম্বর-১৩.০১.০০০০.০৩১.১৯.০৫১.১৪ ২২৭৮/১(১০) তারিখ-০৭/০৮/২০১৯।

অনুলিপিঃ- সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে।
১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক,প্রশাসন / চলাচল,সংরক্ষণ ও সাইলো বিভাগ ,খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট,কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। উপ-পরিচালক,মটর যান শাখা, চলাচল,সংরক্ষণ ও সাইলো বিভাগ খাদ্য ,অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক(যান),খাদ্য বিভাগীয় কেন্দ্রীয় ওয়ার্কশপ,সায়েদাবাদ,ঢাকা।
৭। জনাব মোঃ আরিফ খান, ড্রাইভার, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঢাকা।
৮। অফিস কপি।
৯। মাস্টার কপি।

৭/০৮/১৯
(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক(সংস্থাপন)